

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

বিষয় : স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের মনিটরিং কার্যক্রমবিষয়ক অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আসাদুল ইসলাম,
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

তারিখ : ১০.০৩.২০২০ খ্রিষ্টাব্দ

সময় : বেলা ১১:০০ টা

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৩৩২, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

উপস্থিতির বিবরণ : সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ‘ক’-তে সংযোজিত।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) বিগত এক বছরে (০৯.০৩.২০১৯ থেকে ০৯.০৩.২০২০) মনিটরিং সেলের কার্যক্রম সমূহ এবং তার প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের বায়োমেট্রিক হাজিরার উন্নতি, মনিটরিং কার্যক্রমের চ্যালেঞ্জসমূহ ইত্যাদি বিষয়ের উপর একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন।

২. পরবর্তীতে মনিটরিং কার্যক্রমে বিদ্যমান চ্যালেঞ্জসমূহ পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-.

১. ৬৪ জেলার জেলা ও উপজেলা পর্যায়ের স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহের কার্যকরী মনিটরিং এর জন্য স্বাস্থ্য সেবা বিভাগের উপসচিব থেকে যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তাদের জেলা পর্যায়ে সংযুক্ত বা “ট্যাগ” করার সিদ্ধান্ত গৃহীত হয়। ট্যাগকৃত কর্মকর্তা উক্ত জেলার স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের সার্বিক উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য কাজ করবেন।

২. মনিটরিং কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের মধ্যে সমন্বয় জোরদার করতে হবে।

৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর সভাপতিত্বে মনিটরিং সংশ্লিষ্ট সকলকে নিয়ে মনিটরিং বিষয়ক প্রতি মাসে একটি সমন্বয় সভা আয়োজন করা হবে। এছাড়াও মনিটরিং কার্যক্রমের ভিত্তিতে উপযুক্ত স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানসমূহকে পুরস্কৃত করার উদ্যোগ নেয়া হবে।

৪. চট্টগ্রামের বোয়ালখালী ও ফটিকছড়ি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাদ্বয়কে তাদের উভাবনীমূলক কর্মকাণ্ড ও বলিষ্ঠ প্রশাসনিক নেতৃত্বের কারণে সচিব মহোদয় কর্তৃক “প্রশংসা পত্র” প্রদান করা হবে।

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ধন্যবাদ জাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১১/০৩/২০২০ খ্রি.

(মোঃ আসাদুল ইসলাম)

সচিব

স্বাস্থ্য সেবা বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং-৪৫.১৩৭.১১৬.০০.০০৮.২০১৮-৪৮৭

তারিখঃ ১৬/০৩/২০২০ খ্রি।

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যোতির ক্রমানুসারে নয়) :

১. অঙ্গীরক্ত সচিব (প্রশাসন/হাসপাতাল/উন্নয়ন/সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন/মনিটরিং, স্বাস্থ্য প্রতিষ্ঠান), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. লাইন ডাইরেক্টর (হসপিটাল সার্ভিস ম্যানেজমেন্ট/কমিউনিটি বেইজড হেলথ কেয়ার), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৫. পরিচালক (হাসপাতাল), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. পরিচালক (সিএমএইচডি), তেজগাঁও, ঢাকা।
৭. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮. উপসচিব (সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সহকারী সচিব (সিবিএমই), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১২. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।



26.03.2020

(খন্দকার জাকির হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৭৯৮৫

admin1@hsd.gov.bd